



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
সেফটি শাখা  
উপমহাপরিদর্শকের কার্যালয়, সেখহাটি, বাবলাতলা, ঢাকা রোড,  
যশোর-৭৪০১  
[www.dife.jessore.gov.bd](http://www.dife.jessore.gov.bd)

নৈতিকতা কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আরিফুল ইসলাম উপমহাপরিদর্শক
সভার তারিখ	১৯ ফেব্রুয়ারি ২০২৩
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	উপ-মহাপরিদর্শকের সভাকক্ষ, যশোর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এজেন্ডা অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। সভাপতি ও উপস্থিত সম্মানিত সদস্যগণের সাথে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত প্রস্তাব ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	ঝুঁকিপূর্ণ কারখানা অগ্রাধিকারের ভিত্তিতে পরিদর্শন।	সভায় ঝুঁকিপূর্ণ কারখানা অগ্রাধিকারের ভিত্তিতে পরিদর্শন করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, অত্র দপ্তরের অন্যতম প্রধান কাজ হল শ্রম সেক্টরের পেশাগত সেইফটি ও নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে কাজ করা। সে কারণে দুর্ঘটনা প্রতিরোধকল্পে অগ্রাধিকারের ভিত্তিতে ঝুঁকিপূর্ণ কারখানা নিয়মিত পরিদর্শন করতে হবে।	অত্র কার্যালয়ের অধিক্ষেত্রে অবস্থিত সকল ঝুঁকিপূর্ণ কারখানা সমূহ তালিকা করে তা অগ্রাধিকারের ভিত্তিতে নিয়মিত পরিদর্শন করতে হবে।	শ্রম পরিদর্শক (সকল)
২।	প্রমাপ মোতাবেক পরিদর্শন নিশ্চিত করা	সভায় প্রমাপ মোতাবেক পরিদর্শন নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বলেন যে, অনেক সময় প্রমাপ মোতাবেক নিয়মিত পরিদর্শন করা হয় না। যার কারণে প্রধান কার্যালয়ে অনেক প্রশ্নের মুখোমুখি হতে হয়। সে কারণে এ বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে।	চলমান মাস হতে সকলকে প্রমাপ মোতাবেক পরিদর্শন করতে হবে।	শ্রম পরিদর্শক (সকল)

৩।	হট লাইন নম্বর এসডিজি সংক্রান্ত লিফলেট/পোস্টার কারখানার ফটকে লটকানোর জন্য উদ্যোগ গ্রহণ।	সেবা সহজীকরণের নিমিত্ত দপ্তরের হট লাইন নম্বরসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর আলোকে পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নির্দেশিকা (লিফলেট/পোস্টার) প্রস্তুতপূর্বক কারখানার নোটিশ বোর্ড অথবা প্রধান ফটকে টাঙানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।	উল্লিখিত বিষয়ে (লিফলেট/পোস্টার) প্রস্তুত পূর্বক কারখানার নোটিশ বোর্ড অথবা প্রধান ফটকে টাঙানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	শ্রম পরিদর্শক (সকল)
৪।	নিয়মিত উপস্থিতি	পেশাদারিত্বের ক্ষেত্রে কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ক্ষেত্রে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি এবং যথাসময়ে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতি সাপেক্ষে অফিস ত্যাগ করার বিষয়ে আলোচনা করা হয়।	নির্ধারিত সময়ে সকলকে অফিসে উপস্থিত এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতি সাপেক্ষে যথাসময়ে অফিস ত্যাগ করার বিষয়ে সকলকে আরো দায়িত্বশীল হতে হবে।	১। শ্রম পরিদর্শক (সকল) ২। অফিস স্টাফ (সকল)
৫।	মামলা দায়ের	পরিদর্শন পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে মামলা দায়ের একটি গুরুত্বপূর্ণ কাজ হিসেবে সভাপতি মহোদয় উল্লেখ করেন। ২০২২-২৩ অর্থ বছরের মামলা শূন্য থাকার বিষয়ে তিনি আক্ষেপ প্রকাশ করেন এবং চলমান মাস হতে মামলা করার বিষয়ে সকলকে সচেতন হওয়ার দাগিদ প্রদান করেন।	চলমান মাস থেকে প্রত্যেক টিম হতে মামলা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	শ্রম পরিদর্শক (সকল)

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৬-০৩-২০২৪

মোঃ আরিফুল ইসলাম

উপমহাপরিদর্শক

০২৪৭৭৬২৮৬০

dig.jashore@dife.gov.bd

২২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ


তারিখ:

০৬ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.৪১০০.১০১.০৬.০০১.১৯.৩৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, (মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। সহকারী মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর;
- ৩। শ্রম পরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর;
- ৪। শ্রম পরিদর্শক, সেইফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর এবং
- ৫। অফিস কপি।



০৬-০৩-২০২৪  
মুহাম্মদ মতিউর রহমান  
শ্রম পরিদর্শক